দৈনিক ইত্তেফাক

10 OCT 1988
তারিখ ... ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

076

## পরীক্ষার ফল ঘোষণার পূর্বেই—

বরিশাল প্রতিনিধি : প্রতিবছর এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল আনুষ্ঠানিকভাবে ঘোষণার পূর্বেই শতকরা ৪০ ভাগ পরীক্ষার্থী ট্যাবুলেটরদের সহায়তায় পূর্বাহ্নেই ফল জানিয়া যায়। এমনকি মেধা তালিকাও প্রকাশিত হয়।

ট্যাবুলেশন শেষে ট্যাবুলেটররা বোর্ড ত্যাগ করার সময় নিজস্ব

(২য় পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফল ঘোষণা

(১ম পৃঃ পর)

শিক্ষাপ্রতিষ্ঠানসহ আশেপাশের শিক্ষাপ্রতিষ্ঠান ও আত্মীয়-স্বজনের ফলাফল লইয়া আসেন। তাঁহারা এলাকায় পৌঁছার পর পরই ইহা লইয়া হৈ-চৈ পড়িয়া যায়। এই ধরনের ফলাফল হইতে বঞ্চিত পরীক্ষার্থীরা তখন ফলাফল জানার জন্য ব্যাকুল ও উদ্বিগ্ন হইয়া পড়ে। অভিবাবকেরাও দুঃশ্চিন্তামুক্ত হইতে পারেন না।

দেশের চারটি বোর্ডেই এই একই অবস্থা। পূর্বে ট্যাবুলেটরদের শিক্ষা বোর্ড ত্যাগের পূর্বেই ফলাফল সরকারীভাবে ঘোষণা করা হইত। ইদানীং এই নিয়ম চালু নাই। ফলে এই ধরনের অচলাবস্থা দেখা দেয়। পত্র-পত্রিকায় এই অবস্থা নিরসনের জন্য বহুবার খবর প্রকাশিত হইয়াছে কিন্তু ফল হয় নাই।

### যশোর বোর্ডের অজ্ঞতা

যশোর শিক্ষা বোর্ড জেলা পর্যায়ের প্রেস ক্লাবকে 'প্রেস কাউন্সিল' হিসাবে চিহ্নিত করিতেছে। গত কয়েক বছর যাবৎ বোর্ড এই ভুল করিতেছে। বোর্ড অধীন পরীক্ষার ফলাফল সম্বলিত পুস্তিকা জেলা পর্যায়ের প্রেস ক্লাবকে পাঠান হইতেছে। এই পুস্তিকা গ্রহণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরযুক্ত পত্র পূর্বাহ্নেই পাঠান হয় এবং ঐ পত্রেই 'প্রেস কাউন্সিল' উল্লেখ করা হয়। অথচ শিক্ষাবোর্ড জানে না দেশে একটিমাত্র প্রেস কাউন্সিল রহিয়াছে এবং উহা রাজধানী ঢাকায় অবস্থিত।